


সূরা আল ইমরান ৭৫

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫



-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

63-107720 01718-670945 01716-139268

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাশাস্ত্র ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি প্রজ্ঞামোহন কলেজ, বাংলা বিশ্ববিদ্যালয় শাখার বিদ্যায় প্রখ্যাত এবং বাংলাদেশে মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়মক, অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রমোদগরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা মহাপ্রাচীর বিদ্যায় প্রজ্ঞান পরীক্ষক, সরকারি আশেগোরাডা কলেজের বাংলা প্রাধ্যাক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

SMA গদ্য প্রকাশন, বরিশাল

প্রকাশনশালা

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে			
বুক ভিশা সমন্বিত, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শাহাবুজ্জামান, সন্নৈ বোর্ড, বরিশাল 01711-264963	অকুন্দের লাইব্রেরি সন্নৈ বোর্ড, বরিশাল 01708-668515	অকুন্দের লাইব্রেরি সন্নৈ বোর্ড, বরিশাল 01708-668514
বন্দাকার লাইব্রেরি সন্নৈ বোর্ড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সন্নৈ বোর্ড, বরিশাল 01763-107720	রহমান-বুক হাউজ শাহাবুজ্জামান, সন্নৈ বোর্ড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি মহুত নগর, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি সন্নৈ নগর, বরিশাল 01719-408049	নিউ কলেজ-লাইব্রেরি ১২২৬-০৭৪৬৬৩	হক লাইব্রেরি নিউ কলেজ-লাইব্রেরি 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি নিউ কলেজ-লাইব্রেরি 01717-488083

উজ্জ্বলপুত্র প্রতিনিধি

যোগোয়াগ বাহুরা উন্নয়নকে বিবেচনা নতুন সম্ভাবনার দ্বার খুলছে বিশেষভাবে জটিলত্বের। খাদ্যনির্ভর দীর্ঘাণ্য এবং মায়ের প্রচেষ্টা চালান এবং সমাজ করে এবং কল্যাণকর সাহায্য-সাহায্য-জ্ঞান-সাধনা সম্বন্ধে ৬ কিলোমিটার অংশ প্রশস্ত ও শিশুশ্রমীকরণ কাজ করে হয়েছে। প্রায় ১৪ কোটি ২১ লাখ টাকা ব্যয়ই এই প্রকল্পকে হায়ার উন্নয়নে নেবে কল্যাণকর পদক্ষেপ হিসেবে দেখেছেন এলাকাবাসী।

রবিরায় (১০ সেপ্টেম্বর) সকালে উন্নয়নকর্তৃক জটিলত্বের হাউসে তাদের বরিশাল-২ আসনের সদস্য সদস্য এস. সরফখান শাসনকে সাঁড়ান করি। উন্নয়নকর্তৃক উন্নয়নকে এরম সাঁড়ান করেন, “উন্নয়নকর্তৃক মায়ের জীবন ও জীবনকাল সবে যোগোয়াগ বাহুরা ওপরেভাবে জটিল। একটা বাহুরা সড়ক মায়ের চালান সড়ক করণ পাশাপাশি সড়ক, বাহুরা-বাহুরা ও হায়ার অর্থনীতিক প্রণয়নে।” সাহায্য-সাহায্য-জ্ঞান-সাধনা সম্বন্ধে উন্নয়নকর্তৃক এই এলাকার মায়ের দীর্ঘাণ্যকে দীর্ঘাণ্য করেই ২ এর প্রণয়ন দেখেন

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্মাদকীয় ডিজিটাল প্রতারণা

প্রযুক্তির উৎকর্ষের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বেড়েই চলেছে। চাকরির ক্ষেত্র থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, এমনকি দৈনন্দিন অনেক কাজই সহজ করে দিয়েছে এআই, একইভাবে সময়ও কমিয়ে দিয়েছে। সংগত কারণেই অনেকে এআইনির্ভর হয়ে পড়ছে। অন্যদিকে একটি চক্র এই উন্নত প্রযুক্তিকেই বানিয়েছে প্রতারণার হাতিয়ার। বাংলাদেশসহ বিশ্বের নানা দেশে প্রতারণকা এআই ব্যবহার করে সাধারণ মানুষকে ফাঁদে ফেলেছে। প্রকাশিত খবরে জানা গেছে, কক্সবাজারে অন্তত ৩০০ সদস্যের চীনা প্রতারকচক্র বড় ধরনের ফাঁদ পেতেছিল। তাদের চার্গেটে ছিলেন চীন, দক্ষিণ কোরিয়া ও ভিয়েতনামের পূঁজিবাজারের ক্ষুদ্র বিনিয়োগকারীরা। শুধু তা-ই নয়, চক্রটির নজর বাংলাদেশের পূঁজিবাজারের দিকেও ছিল। স্বস্তির কথা হলো, পুলিশের চৌকস ভূমিকায় ওই চক্রের পরিকল্পনা ফাঁস হয়ে যায়। এরই মধ্যে কক্সবাজারে ওই চক্রের বিরুদ্ধে মামলাও করা হয়েছে। খবরে বলা হয়েছে, চীনা চক্রটি কক্সবাজারে হোটেল ভাড়া করে প্রতারণার জাল ছড়িয়েছিল। কক্সবাজারে রিসোর্টে চক্রটি ডিজিটাল অধুনিক ল্যাব স্থাপন করেছিল। তারা সামাজিক মাধ্যমে নানাভাবে আস্থা তৈরির কাজ করছিল। চক্রের পক্ষ থেকে বলা হতো, বিনিয়োগ করলে বিপুল মুনাফা পাওয়া যাবে। তাদের কথায় আস্থা রেখে বিনিয়োগ করলে একমাসের সর্বশ্ব নিশ্চেষ্ট হয়ে যেত। জানা গেছে, শুধু কক্সবাজার নয়, দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে আছে চক্রটির নেটওয়ার্ক। পুলিশের তথ্য অনুযায়ী, এই প্রতারকচক্রের সঙ্গে সরাসরি জড়িত ৯৪ জন চীনা নাগরিকের সন্ধান পাওয়া গেছে। এ ছাড়া কক্সবাজার পুলিশ চক্রটির আরো অন্তত ২৯৫ জন চীনা নাগরিকের পাসপোর্ট নবর সংগ্রহ করেছে। একটি রিসোর্টে আন্তর্জাতিক ডিজিটাল প্রতারকচক্রের ঘাঁটির সন্ধান পেয়ে পুলিশ সদস্যরা সেখানে অভিযান চালিয়ে অন্তত পাঁচ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হন। বিশেষজ্ঞরা বলছেন, প্রযুক্তি আমাদের যেমন সুবিধা দিয়েছে, অন্য দিক বিবেচনায় নিলে ডিজিটাল দুনিয়ায় নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হচ্ছে। অনেকের একটি বড় সময় কাটে সামাজিক মাধ্যমে। আর প্রতারকরা সেখানেই ওত পেতে থাকে। মানুষের ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিয়ে জিম্মি করার ঘটনা ঘমাশোই ঘটছে। কিছুদিন আগে কালের কণ্ঠে প্রকাশিত খবরে বলা হয়েছে, অ্যাপলের মাধ্যমে ষণ দেওয়ার প্রলোভন দেখিয়েও অনেকেই সঙ্গে প্রতারণা করা হচ্ছে। এ ছাড়া সাম্প্রতিক সময়ে অনলাইনে ছুয়া ব্যাপক মাত্রায় ছড়িয়ে পড়েছে। সাইবার অপরাধীদের একটি বড় অংশ অনলাইন প্রতারণায় সক্রিয়। জানা গেছে, জুয়ার ওয়েবসাইটগুলোর ‘এমএফএস’ অ্যাকাউন্টের মাধ্যমে প্রতিদিন হাজার কোটি টাকার বেশি লেনদেন হয়। এর বোঁদর ভাগ অর্থ আন্তর্জাতিক চক্রের মাধ্যমে বিদেশে পাচার হয়ে যায়। এটি ঠিক যে আমাদের দেশের মানুষের মধ্যে ডিজিটাল নিরাপত্তা নিয়ে সচেতনতা কম। পাসওয়ার্ড, পিন কোডের মতো সাধারণ বিষয়েও সুরক্ষাজ্ঞানও অনেকের নেই। এই সুযোগেও নিয়ে থাকে প্রতারকচক্র। কাজেই ডিজিটাল প্রতারণা রোধে আইনের পাশপাশি সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। আমরা নান্নে কপি, কক্সবাজারে যে চীনা চক্রের সন্ধান পাওয়া গেছে, তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। এই চক্রের সঙ্গে কে বা কারা জড়িত, সেসবের আন্োপাত্ত বের করতে হবে। একই সঙ্গে দেশে ডিজিটাল প্রতারকদের চিহ্নিত করতে প্রযুক্তির সহায়তা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ জন্য পুলিশের সম্ভবতা আরো বাড়ানো প্রয়োজন।

সাক্ষীদের হুমকি দিয়ে ভয়

বাধগ্রস্ত করা যাবে না বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেনছেন, কোনো সাক্ষীকে হুমকি দেওয়ার অভিযোগের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে। একই সঙ্গে সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। রোববার (১৩ সেপ্টেম্বর) দুপুরে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। চট্টগ্রামে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের একটি মামলার সাক্ষীদের আসামিপক্ষ হুমকি-ধমকি দিচ্ছে–সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে চিফ প্রসিকিউটর বলেন, আমরা কাছে অভিযোগ রয়েছে। এমন সাক্ষীদের নিরাপত্তার জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। তিনি বলেন, কোনো মামলার সাক্ষীকে কেউ হুমকি দিচ্ছে–এমন অভিযোগের প্রমাণ পাওয়া গেলে আইনগত ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে। তবে এসব হুমকি-ধমকিতে বিচারপ্রক্রিয়া বাহ্যত হবে না। আন্তর্জাতিক অপরাধের মামলায় সাক্ষীদের সাক্ষ্য ও জোরার ওপর বিচারপ্রক্রিয়ার গুরুত্বপূর্ণ অংশ নির্ভর করে। ফলে সাক্ষীদের ভয়ান্টিত দেখানো বা প্রভাবিত করার যে কোনো চেষ্টা বিচারপ্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে। চট্টগ্রামে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাক্ষীদের হুমকি দেওয়ার অভিযোগের বিষয়ে জানতে চাইলে চিফ প্রসিকিউটর জানান, অভিযোগটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। সাক্ষীদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। তিনি আরও স্পষ্ট করেন, কোনো পক্ষের হুমকি বা চাপের কারণে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত কিংবা বিচারকাজ বন্ধ বা বাধাগ্রস্ত হওয়ার সুযোগ নেই।

আমাকে শুধু ১০% দি যেন

পাওয়ার কথা জানিয়েছে দুর্নীতি দমন কমিশন (দমক)। এছাড়া ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক এবং ঢাকা ওয়াশা, এলজিইডি ও গাজীপুর সিটি কর্পোরেশনে কর্মকর্তা নিয়োগে মোট ১৮৭ কোটি টাকা লেনদেনের অভিযোগও করা হয়েছে তার বিরুদ্ধে। পাশাপাশি ৩৬ জন জেলা প্রশাসক বা ডিসি পদায়েন ২ কোটি থেকে ১০ কোটি টাকা পর্যন্ত লেনদেন, বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও টেন্ডার কমিশন নেওয়া এবং নিয়োগ, বদলি ও পদোন্নতিতে অনিয়মের অভিযোগও রয়েছে। রোববার (১৩ সেপ্টেম্বর) গণমাধ্যমে এমন খবর সামনে আসার পর নিজের ব্যক্তিগত ফেসবুক পেজে এক পোস্টে প্রতিক্রিয়া জানিয়েছেন আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। এনসিপির এ মুখপাত্র ওই পোস্টে লিখেছেন, ‘অনুসন্ধানের বিশেষজ্ঞ কিছু পেলে আমাকে শুধু ১০% দি যেন, চলতে কষ্ট হচ্ছে।’

খালি ভরতে ভারত না করে

বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ভারত প্রসঙ্গে একপর রকর এক প্রশ্ন না করে সাংবাদিকদের নিজেদের দেশের বিষয়েও গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, ‘ডেইলি ঘুম থেকে উঠে ব্রেকফাস্ট খাইতেই ইন্ডিয়া, লাঞ্চ খাইতেই ইন্ডিয়া, ডিনার খাইতেই ইন্ডিয়া– তাহলে ভাই আপনার নিজের দেশের খাবার কোন সময় খাবেন? খালি যদি ইন্ডিয়া ইন্ডিয়া করেন! নিজের দেশের চিন্তা করেন।’ রোববার (১৩ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের সাইড লাইনে প্রধানমন্ত্রী তারেক রহমান বিশ্বনেতাদের সঙ্গে বৈঠক করেন। এ বিষয়ে এক প্রশ্নে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, যার সঙ্গে যখন আমাদের দ্বিপক্ষীয় (বৈঠক) করতে হবে, বহুপক্ষীয় ফোরামে গিয়ে কথা বলতে হবে, আমরা তা করবো। যেখানে যে সুযোগ থাকবে, আমরা সম্পৃক্ত হবে। নেতার সবার সঙ্গে দেখা করতে পারেন না। অনেক আমন্ত্রণ থাকে। সাইডলাইনে অনেক অনুষ্ঠানে আমরা অংশ নেবো। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রীর সাইডলাইনে বৈঠকের সফলতা সম্পর্কে জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর সফরের মূল লক্ষ্য জাতিসংঘের সাধারণ

পরিষদে ভাষণ দেওয়া। সাইডলাইনে কার সঙ্গে বৈঠক হবে, তা শেষ মুহূর্তেও নির্ধারিত হতে পারে। তিনি আরও বলেন, বহুপক্ষীয় ফোরাম এভাবেই কাজ করে। একজন নেতা শেষ মুহূর্তেও বলতে পারেন, আমি প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে চাই। বড় বড় সম্মেলনে এমনটাই হয়। সাইডলাইনে বিশ্বনেতাদের দৈনন্দিন কর্মসূচিতে অনেক পরিবর্তন আসে। এসব যখন আসবে, যার সঙ্গেই বৈঠক হোক, আপনাদের জানানো হবে। আপনরাই প্রথম জানতে পারবেন। সীমান্তে হত্যাকাণ্ড ও বাংলাদেশিদের ধরে নিয়ে যাওয়ার মতো ঘটনাগুলোর বিষয়ে হুমায়ুন কবির বলেন, এসব বিষয় কূটনৈতিকভাবে ভারত সরকারের সঙ্গে আলোচনা করা হবে। সীমান্ত ও সীমান্ত নিরাপত্তা নিয়ে আন্তর্জাতিক আইন ও সীমান্ত প্রটোকল রয়েছে। ভারতের সঙ্গে বাংলাদেশের কাঠামোগত চুক্তিও রয়েছে। এসবের আওতায় উদ্বেগের বিষয়গুলো প্রতিটি পর্যায়ে তুলে ধরা হবে। ভারতের সঙ্গে ১০১টি রুট্টির বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, বিষয়টি যাচাই-বাছাই করা হচ্ছে এবং সংসদীয় কমিটিতে তা পর্যালোচনা করা হচ্ছে। এ বিষয়ে চিফ হুইপের কাছে জানতে সাংবাদিকদের পরামর্শ দেন তিনি।

গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত হলে সব

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার (১৩ সেপ্টেম্বর) বঙ্গবন্ধবে বাৎশকোশে পূজা উদযাপন পরিষদের সভাপতি বাসুদেব ধর ও সাধারণ সম্পাদক সন্তোষ শর্মা'র নেতৃত্বে ১৫ সদস্যের একটি প্রতিনিধিবািন রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, দেশকে উন্নয়ন ও অগ্রগতির পথে এগিয়ে নিতে হলে গণতন্ত্রের নিয়মিত চর্চা এবং গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে হবে। দেশের মানুষও একটি কার্যকর ও জবাবদিহিমূলক গণতান্ত্রিক ব্যবস্থা চায়। উল্লেখ করে তিনি বলেন, গণতান্ত্রিক মূল্যবোধ দুর্বল হলে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং জনগণের অধিকার সুরক্ষিত রাখা সম্ভবিন হয়ে পড়ে। সাক্ষাৎকালে বাংলাদেশে পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক সন্তোষ শর্মা রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে দেশের হিন্দু সম্প্রদায়ের পক্ষ থেকে আন্তরিক আনন্দদন ও শুভেচ্ছা জানান। তিনি সাম্প্রতিক সময়ে জন্মাব্ধীমী, রথযাত্রাসহ হিন্দু সম্প্রদায়ের বিভিন্ন ধর্মীয় উৎসব শান্তিপূর্ণ ও সুস্থভাবে উদযাপনে সরকারের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। হিন্দু সম্প্রদায়ের কল্যাণে সরকারের বিভিন্ন সহায়তা এবং পুরোহিত ও ধর্মীয় প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের জন্য সাম্মানী কর্মসূচিসহ বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে তিনি এসব পদক্ষেপে সনাতন ধর্মাবলম্বীদের সম্বন্ধিত বিষয়টি রাষ্ট্রপতিকে অবহিত করেন। পরিষদের নেতৃবৃন্দ এ সময় হিন্দু সম্প্রদাসসহ সকল ধর্ম ও সম্প্রদায়ের নাগরিকের নিরাপত্তা, ন্যায়বিচার গ্রা্ধি ও সমান অধিকার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। এ সময় প্রতিনিধিদল আরও দুর্গাপূজা উপলক্ষে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরের পূজামণ্ডপে উপস্থিত হয়ে ভক্ত ও সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ের জন্য রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি সাদরে আমন্ত্রণ গ্রহণ করেন এবং প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান। রাষ্ট্রপতি বলেন, ‘বর্তমান সরকার সাম্প্রদায়িক পরিচয় নয়, বরং যোগ্যতা, ন্যায়সঙ্গত অধিকার ও সমতার ভিত্তিতে সকল নাগরিকের জন্য ন্যায়্য সুযোগ নিশ্চিত করতে অসীকারবদ্ধ।’ রাষ্ট্রপতি হিন্দু সম্প্রদায়সহ দেশের সকল ধর্ম ও সম্প্রদায়ের মানুষকে একাবদ্ধকরে একটি আসম্প্রদায়িক, গণতান্ত্রিক, ন্যায়্যভিত্তিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন বাংলাদেশ গড়ে তুলতে এগিয়ে আসার আহ্বান জানান। রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, আসন্ন দুর্গাপূজা উৎসবমুহর, শান্তিপূর্ণ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হবে এবং শারদীয় দুর্গোৎসব দেশের সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধনকে আরও সুদৃঢ় করবে। সাক্ষাৎকালে রাষ্ট্রপতির কার্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পিরোজপুরে ইয়াবা-আইসসহ গ্রেফতার

করা হয়েছে। পুলিশ জানায়, পিরোজপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. শরিফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল মিরাজের বসতঘরের শয়নকক্ষে গ্রেফতারি চালারা। এ সময় তার দখল থেকে ৪০০ পিস ইয়াবা ও ৩০ গ্রাম আইস উদ্ধার করা হয়। পরে উদ্ধার করা মাদকদ্রব্য জন্দ তালিকার মাধ্যমে জব্দ করা হয়। পুলিশের প্রেস ব্রিফিংয়ে বলা হয়, গ্রেফতার মিরাজ শেখের বিরুদ্ধে ফরিদপুরের ভাঙ্গা ও কোতোয়ালি, মানিকগঞ্জ সদর, ঢাকা মহানগরের দারুল সালাম ও পল্টন, কক্সবাজারের টেকনাফ ও রামু এবং দক্ষিণ কেরানীগঞ্জ থানায় মাদক আইনে নয়টি মামলা রয়েছে। এসব মামলার কয়েকটিতে তিনি এজাহারভুক্ত আসামী। এ ঘটনায় পিরোজপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা রুজুর কার্যক্রম প্রক্রিয়া চলার রয়েছে বলে জানিয়েছে পুলিশ। পুলিশ সুপার মোহাম্মদ মঞ্জুর আহমেদ সিদ্দিকী বলেন, আসামির বিরুদ্ধে এর আগেও বিভিন্ন থানায় নয়টি মামলা রয়েছে। আমরা এর ধরনকে অভিযান চলমান থাকবে। কোনো মাদক কারবারিকে ছাড় যেনা হবে না।

উন্নয়নের মূল লক্ষ্য মানুষের

কম আসবে।' তিনি বলেন, উন্নয়নের মূল লক্ষ্য হচ্ছে মানুষের জীবনকে সহজ করা। কৃষক যেন তাঁদের উৎপাদিত পণ্য দ্রুত বাজারে নিতে পারেন, শিক্ষার্থী ও সাধারণ মানুষ যেন নির্বিঘ্নে যাতায়াত করতে পারেন–সেদিকটি বিবেচনায় রেখেই যোগাযোগ অবকাঠামোর উন্নয়নকে গুরুত্ব দেওয়া হচ্ছে। এমপি সান্টু আরও বলেন, জনগণের অর্থে বাস্তবায়িত প্রতিটি উন্নয়ন কাজের সুফল দীর্ঘস্থায়ী হওয়া প্রয়োজন। তাই কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে হবে। উন্নয়ন কাজে কোনো ধরনের গাফিলতি কাম্য নয়। উপজেলা প্রকৌশলীর কার্যালয় সূত্রে জানা গেছে, ‘বরিশাল বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ’ প্রকল্পের আওতায় সড়কটির চৌইনেজ ০.০০ থেকে ৮,০০০ মিটার পর্যন্ত উন্নয়ন করা হবে। প্রকল্পটির চুক্তিমূল্য ১৪ কোটি ২০ লাখ ৯৯ হাজার ২৬০ টাকা। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) প্রকল্পটি বাস্তবায়ন করেছে। কাজের ঠিকাদারি পেয়েছে কিশোরগঞ্জের ভৈরবের ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মনিকুল হক। ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. হুমায়ুন খান, যুগ্ম সম্পাদক সরদার সিদ্দিকুর রহমান, বামরাইল ইউনিয়ন বিএনপির সভাপতি মোহাম্মদ ময়োজ্জো হোসেন যুগল, সাধারণ সম্পাদক মোহাম্মদ হাফিজুর রহমান শাহিন শিকদার, উপজেলা যুদদল সভাপতি আ প ম সামসুদ্দোহা আভাদ, উপজেলা শ্রমিক সভা সভাপতি জিয়াউল আমিন রাউি, সাধারণ সম্পাদক শাহাদজ্জামান কমরেড, বরিশাল থানা মালিক সমিতির সাংগঠনিক সম্পাদক ও ছাত্রদলের সাবেক নেতা মোহাম্মদ মিরাজ হোসেন ডালিম শিকদারসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। স্থানীয় বাসিন্দারা জানান, সানুহার-ধুমুরা-জল্লা-সাতলা সড়কটি উজিরপুরের অন্যতম গুরুত্বপূর্ণ যোগাযোগপথ। দীর্ঘদিন ধরে সড়কটির বিভিন্ন অংশের সর্বাধীনতা ও দুর্বল অবস্থার কারণে যানবাহন চলাচলে দুর্ভোগ পোহাতে হচ্ছে। সড়কটি প্রশস্ত ও শক্তিশালী হলে একদিকে যেমন যানবাহন চলাচল নিরাপদ হবে, অন্যদিকে কৃষিপণ্য দ্রুত পরিবহন ও বাজারজাত করা সহজ হবে। পাশাপাশি ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের সুযোগ তৈরি হবে এবং উজিরপুরের গুরুত্বপূর্ণ কয়েকটি এলাকার সঙ্গে যোগাযোগ ব্যবস্থায় আসবে নতুন গতি।

বরিশাল ৯ সোমবার ৯ ১৪ সেপ্টেম্বর ২০২৬ ৯ ০১ আশ্বিন ১৪৩৩

কাঁঠালিয়ায় কলেজছাত্রী

সারিনাকে বলন্ত অবস্থায় দেখতে পান। এ সময় স্বজন ও প্রতিবেশীরা তাকে নিচে নামিয়ে আনেন এবং পুলিশকে খবর দেন। স্থানীয়রা জানান, সারিনা মাকেমধ্যে মানসিক সমস্যায় ভুগতেন। এর আগেও তিনি আত্মহত্যার চেষ্টা করেছিলেন বলে দাবি স্থানীয়দের। পাটিখালঘাটা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান গোলাম মোস্তফাও সারিনার মানসিক সমস্যার বিষয়টি নিশ্চিত করেছেন। কাঁঠালিয়া থানার ওসি আবু নাহের রায়হান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। পরিবারের সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, সারিনা দীর্ঘদিন ধরে মানসিক সমস্যায় ভুগছিলেন। ওসি আরও বলেন, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় এবং লাশের ময়নাতদন্ত না করার জন্য আবেদন করায় বিষয়টি বিবেচনা করে দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

আদানির বিদ্যুৎ সরবরাহ

বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট। এতে কেন্দ্রটি থেকে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কমে অর্ধেক নেমেছে। ভারত ও বাংলাদেশের যৌা উদ্যোগে নির্মিত কয়লাচালিত রাপাল বিদ্যুৎকেন্দ্রটি মারে কয়লা সংকটে উৎপাদন কমিয়েছিল। এখন কয়লার মজুত আছে। উৎপাদন হচ্ছিল ১ হাজার ১০০ মেগাওয়াটে বেশি। হঠাৎ একটি ইউনিট বন্ধ হওয়ায় এটির উৎপাদন ৬০০ মেগাওয়াটের নিচে নেমে গেছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) সদস্য (উৎপাদন) মো. জহুরুল ইসলাম বলেন, আদানি থেকে বিদ্যুৎ আসা শুরু হয়েছে। রক্ষণাবেক্ষণের জন্য রামপালের ইউনিট-২ বন্ধ করা হয়েছে। কতদিন পর রামপালের ইউনিটটি চালু করা যাবে জানতে চাইলে তিনি বলেন, ইউনিট বন্ধের পর কূল ভাউন করতে হয়। এরপর সম্ভাবত ইন্ডিয়া থেকে দূরজন প্রকৌশলী আসবে। আপাতত আইডিয়া করা যাচ্ছে না, দুদিন পর বলা যাবে? এখন প্রলিমিনারি পর্যায়ে।

বাগগঞ্জে ৩৫ যাত্রী নিয়ে খাদে

বাস যাত্রীরা জানান, রোজা পরিবহন কোম্পানির বাসটি কৃষাকাটা থেকে যাত্রী নিয়ে ঢাকা যাচ্ছিল। বাসটি বরিশালের গড়িয়ারগাড় এলাকা অতিক্রম করার পর থেকেই চালক বেপরোয়াভাবে বাস চালাচ্ছিলেন। ঘটনাস্থলে বিপরীত দিক একটি যাত্রীবাহী খ্রি-হুইলার (মাহেস্তা) বেপরোয়াগতিতে সামনে এসে পড়ে। খ্রি-হুইলারটিকে জাই দিতে গিয়ে বাস চালক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে খাদে পড়ে যায়। বাস খাদে না পড়লে খ্রি-হুইলার যাত্রীরা বড় ধরনের দুর্ঘটনার শিকার হতো। তারা জানান, বাসটি অর্ধেকের বেশি ভোবার পানিতে ডুবে ছিল। এসময় যাত্রীরা বাসের মধ্যে দাঁড়িয়ে থেকে প্রাণে রক্ষা পায়। বাসের মধ্যে ৫-৬ জন শিশুও ছিল। স্থানীয় লোকজন এবং ফায়ার সার্ভিস সদস্যরা দ্রুত ছুটে এসে সবাইকে উদ্ধার করে। ফায়ার সার্ভিস অ্যান্ড ভিভিল ডিফেন্সের বরিশাল দক্ষিণ ফায়ার স্টেশনের ইনচার্জ ব্রদ্র চাশর বলেন, দুর্ঘটনার খবর পেয়ে আমরা দুটি ইউনিট উজার অভিযান শুরু করি। যাত্রীদের অক্ষত অবস্থায় উদ্ধার করা হয়েছে। কারো মৃত্যু হয়নি। ৮-১০ মোটামুটি আহত হলেও কেউ গুরুতর নয়। বরিশাল মেট্রোপলিটন পুলিশের এয়ারশোট থানার পরিদর্শক (অপারেশন) শাহাব উদ্দিন বলেন, রোজা পরিবহন নামের ওই বাসটিতে ৩৫ জন যাত্রী ছিল। দুর্ঘটনার পর সবাইকে নিরাপত্তে উদ্ধার করা হয়েছে। আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়েছে। তাদের মধ্যে চালক-সুপারভাইজার বা হেলপার রয়েছে কিনা নিশ্চিতভাবে বলা যাচ্ছে না। তিনি আরও বলেন, দুর্ঘটনার কারণে বরিশাল-ঢাকা মহাসড়কে কিছু সময় যানবাহন চলাচল বন্ধ ছিল। পরে রেকার ভ্যানেস মাধ্যমে বাসটি উদ্ধারের পর যানবাহন চলাচল স্বাভাবিক হয়। বাসটি পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

ঢাকা দক্ষিণে নাসীরকান উত্তরে

লীগের নাস্কতামূলক তৎপরতার প্রতি কড়া নজরদারির নিশ্চয়তা দেন। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশনের এনসিপির সার্বথিত সঞ্চায়ী ওই মেয়র প্রার্থী নাসীরকান পাটওয়ারী এবং আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক ও দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব, ঢাকা মহানগর দক্ষিণের আহ্বায়ক ইসহাক সরকারসহ উত্তর ও দক্ষিণ মহানগরের বিভিন্ন পর্যায়ের নেতারা।

অপরোধ দমনে কঠোর প্রশাসন

সচেতন হওয়ার আহ্বান জানান তিনি। তিনি বলেন, মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। পাশাপাশি মাদকবিরোধী কার্যক্রম জোরদার করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও তৎপর হওয়ার নির্দেশ দেন তিনি। সভায় পরিবেশ দূষণ নিয়েও উদ্বেগ প্রকাশ করা হয়। জেলা ম্যাজিস্ট্রেট বলেন, দৈনন্দিন জীবন থেকে শুরু করে বিভিন্ন কাজে ব্যাপকভাবে পলিথিন ব্যবহার করা হচ্ছে। এর ক্ষতিকর প্রভাব পরিবেশের ওপর পড়ছে। নিষিদ্ধ পলিথিনের ব্যবহার বন্ধে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন তিনি। ডেপু পরিস্থিতি নিয়েও সভায় আলোচনা হয়। জেলা ম্যাজিস্ট্রেট বলেন, অফিস-আদালত, শিক্ষাপ্রতিষ্ঠান ও বাসাবাড়ির আশপাশ নিয়মিত পরিষ্কার রাখতে হবে। বিশেষ করে বর্বা মৌসুমে বিভিন্ন স্থানে জমে থাকা পানি ডেঙ্গুর বিস্তারের অন্যতম কারণ হতে পারে। তাই ডেপু প্রতিরোধে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। মানব পাচার প্রতিরোধেও সভায় গুরুত্ব দেওয়া হয়। অসহায় ও দরিদ্র মানুষ যেন দালালদের প্রলোভন ও প্রতারণার শিকার না হন, সে বিষয়ে জনসচেতনতা বাড়ানোর ওপর জোর দেওয়া হয়। পাশাপাশি ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর ওপর নজরদারি বাড়াতে প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট দপ্তরগুলোকে সমঝিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়। সভায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উপমা ফারিসা, পুলিশ সুপার মো. মোস্তাফিজুর রহমান, সিভিল সার্জন ডা. মো. সাইফুর রহমান, উপ-পুলিশ কমিশনারসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

গ্যাস-বিদ্যুৎ সংকটে জনগণ

‘এ আইন বাতিল করতেই হবে। আইনমন্ত্রী বলছেন, আইনটি বাতিলের সুযোগ নেই। আর আমরা বলছি, এ আইন বাতিল করতেই হবে। অন্যথায় সর্বত্র প্রতিবাদের আন্দন জ্বলে উঠবে। যার পরিণতি হবে সরকারের পদত্যাগ।’ দলের দায়িত্বশীলদের উদ্দেশ্যে তিনি বলেন, ইসলামেতে আদর্শের আলোকে নিজেরের যোগ্য ও দক্ষ করে গড়ে তুলতে হবে। চরিত্র, লেনদেন ও সামাজিক আচরণে স্বচ্ছ থাকতে হবে। ঝিমুখী আচরণ পরিহার করে স্লোহার ভয় অন্তরে জাগ্রত রাখতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা ইসলামী আন্দোলনের সভাপতি মুফতি দেলাওয়ার আমিন। পরে ১৭ সদস্যের কার্যনির্বাহী কমিটি ও ১১ সদস্যের উপদেষ্টা পরিষদ ঘোষণা করে নির্বাচিত দায়িত্বভারের শপথ পড়ানো হয়। সোমবার ইসলামী আন্দোলনের কেন্দ্রীয় মিডিয়া সেকের প্রধান সমন্বয়ক কে এম শরীয়াহুজ্জাহ এ তথ্য জানান।

লালমোহন স্বাস্থ্য কমপ্লেক্সে

স্পিকারকে কাছে পেয়ে সেখানকার স্বাস্থ্যসেবার নানা বিষয়ে স্পিকারকে অবহিত করেন রোগী ও তাদের স্বজনরা। এ ছাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে কর্তৃপক্ষের ত্রুটির নানা সীমাবদ্ধতার কথাও জানান স্পিকারকে। এ বিষয়ে লালমোহন উপজেলা স্বাস্থ্য ও

পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আবু মাহমুদ তালহা সাদী বলেন, সকালে স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম হঠাৎ স্বাস্থ্য কমপ্লেক্সে পরিদর্শনে এসে ঘুরে দেখেন। একপর্যায়ে স্পিকারকে স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ও নার্স সংকটের বিষয়টি জানানো হলে তিনি স্বাস্থ্যমন্ত্রীকে ফোন দেন। এ ছাড়া স্বাস্থ্য কমপ্লেক্সের আশপাশে জমে থাকা পানি অপসারণের জন্য পৌরসভাকে নির্দেশ দেন এবং সেসব জায়গায় সৌন্দর্যবর্ধনের জন্য বলেন। প্রসঙ্গত, ভোলা-৩ (লালমোহন-তজ্জমদ্দিন) সংসদীয় আসন থেকে সাতবার সংসদ সদস্য ও তিনবার মন্ত্রী এবং সর্বশেষ ত্রেয়োদ জাতীয় সংসদ নির্বাচনের মধ্য দিয়ে জাতীয় সংসদের স্পিকার নির্বাচিত হন মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম।

শেখ হাসিনা গণআন্দোলনের মুখে

বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মেজর হাফিজ বলেন, সাধারণ মানুষের সমর্থন ও ভালোবাসায় তিনি বারবার সংসদ সদস্য, মন্ত্রী, জাতীয় সংসদের স্পিকার এবং পরবর্তীতে অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করার সম্মান অর্জন করেছেন। চর্যাঞ্চলের স্থানীয় পরিস্থিতি উল্লেখ করে তিনি বলেন, চরের খাসজমি চাষাবাদ করে পরিব ও অসহায় মানুষ জীবিকা নির্বাহ করেন। কিন্তু সেখানে কিছু লোক গরিব মানুষের কাছ থেকে অন্যায়ভাবে অর্থ আদায় করছে, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের অপকর্মের লিখিত বা নির্দিষ্ট অভিযোগ পেলে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ইশ্টিয়ারি দেন তিনি। দেশের রাজনৈতিক প্রেক্ষাপট নিয়ে মেজর হাফিজ বলেন, বিগত সরকারের আমলে রাজনৈতিক নেতা ও সাধারণ মানুষের ওপর বিভিন্নভাবে নির্বাচন চালানো হয়েছে। পরবর্তীতে গণআন্দোলনের মুখে ৫ আগস্ট শেখ হাসিনা দেশত্যাগ করতে বাধ্য হন। তজ্জমদ্দিন উপজেলা বিএনপির সভাপতি গোলাম মোস্তফা মিন্টুর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ওমর আসাদ রিফ্টুর সম্মেলনায় অনুষ্ঠানে উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ভোলা-৩ (তজ্জমদ্দিন-লালমোহন) আসন থেকে মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ সাতবার সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৮৬ ও ১৯৮৮ সালে জাতীয় পাটি থেকে, ১৯৯১ সালে স্বতন্ত্র হিসেবে এবং পরবর্তীতে বিএনপির প্রার্থী হিসেবে তিনি বিজয়ী হন। দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বও পালন করেছেন।

অবনতি হতে পারে

মোট ১৪৯ জনের মৃত্যু হয়েছে। এ সময়ের মধ্যে ডেপু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৫১ হাজার ৮৩৭ জন। মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত প্রতি মাসেই আগের মাসের তুলনায় রোগীর সংখ্যা বেড়েছে। বিভাগভিত্তিক হিসাবে ঢাকার পর সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃত্যুর ঘটনা ঘটেছে ব্রাহ্মণ বাড়ায়। সেখানে আগের ক্ষেত্রে পুরুষের সংখ্যা বেশি হলেও মৃত্যুর ক্ষেত্রে নারীর সংখ্যা বেশি। এখন পর্যন্ত আক্রান্তদের ৬২ শতাংশ পুরুষ এবং ৩৮ শতাংশ নারী। অন্যদিকে ডেঙ্গুতে মৃতদের ৫০ শতাংশ নারী ও ৪৮ শতাংশ পুরুষ। ডেঙ্গুর ভৌগোলিক বিস্তারও এমন বড় উদ্বেগের কারণ। একসময় ঢাকা শহরকেন্দ্রিক থাকলেও বর্তমানে দেশের বিভিন্ন জেলায় রোগীর সংখ্যা বাড়ছে। সাম্প্রতিক সময়ে ঢাকার পর খুলনায় আক্রান্তের সংখ্যা বেশি দেখা যাচ্ছে। এর আগে দক্ষিণের জেলা পিরোজপুরেও উল্লেখযোগ্যসংখ্যক রোগী শনাক্ত হয়েছে। গত বছর বরগুনা শহরও হঠাৎ ডেঙ্গুর প্রকোপ দেখা দিয়েছিল। বিশেষজ্ঞরা বলছেন, শুধু ঢাকার দুই সিটি কর্পোরেশন বা দেশের সিটি কর্পোরেশনগুলোকে কেন্দ্র করে মশা নিয়ন্ত্রণের পরিকল্পনা করলে পরিস্থিতির উন্নতি হবে না। দেশের পৌরসভা ও গ্রামাঞ্চলেও এটসে মশার বিস্তার এবং মশা নিয়ন্ত্রণ কার্যক্রমের ওপর নজর দিতে হবে। সারা দেশকে বিবেচনায় নিয়ে দীর্ঘমেয়াদি কর্মসূচি নেওয়া জরুরি। তবে স্বস্তির খবর হলো চলতি বছর এখন পর্যন্ত মৃত্যুহার আগের কয়েক বছরের তুলনায় কম। আইইডিসিআর ২০২৩ থেকে চলতি বছরের ৫ সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু পরিস্থিতির হিসাব করলে, ২০২৩ সালে দেশে রেকর্ড ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছিলেন এবং মারা যান ১ হাজার ৭০৫ জন। ওই বছর মৃত্যুহার ছিল শূন্য দশমিক ৫৩ শতাংশ। ২০২৪ সালে তা ছিল শূন্য দশমিক ৪৯ শতাংশ এবং ২০২৫ সালে শূন্য দশমিক ৩৪ শতাংশ। চলতি বছরের ৫ সেপ্টেম্বর পর্যন্ত মৃত্যুহার ছিল শূন্য দশমিক ২৮ শতাংশ। তবে সর্বশেষ ওইটা ডেঙ্গুর তথ্যে ঢাকা সামান্য বেড়ে শূন্য দশমিক ২৯ শতাংশে দাঁড়িয়েছে। তবে ডেঙ্গুর ধরন নিয়ে উদ্বেগ রয়েছে। চলতি বছর আক্রান্ত ৭১ জনের নমুনা বিশ্লেষণ করে আইইডিসিআর জানিয়েছে, ৯১ দশমিক ৫ শতাংশ সংক্রমণের জন্য দায়ী ডেনভি-৩। বাকি ৮ দশমিক ৫ শতাংশ সংক্রমণ হয়েছে ডেনভি-২-এর কারণে। বরগুনা, বান্দরবান ও পিরোজপুরে ডেনভি-২-এর সংক্রমণ পাওয়া গেছে। রোগতত্ত্ববিদদের মতে, ডেঙ্গু ভাইরাসের চারটি ধরন রয়েছে–ডেনভি-১, ডেনভি-২, ডেনভি-৩ ও ডেনভি-৪। একটি ধরনে আক্রান্ত হওয়ার পর ওই নির্দিষ্ট ধরনের বিরুদ্ধে শরীরে প্রতিরোধক্ষমতা তৈরি হয়। তবে অন্য ফিলে ধরনের ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি থেকে যায়। ফলে একজন মানুষ জীবদ্দশায় চার ধরনের ডেঙ্গুতেই আক্রান্ত হতে পারেন। প্রথমবার আক্রান্ত হওয়ার পর দ্বিতীয়বার আক্রান্ত হলে জটিলতার ঝুঁকি বাড়ে এবং তৃতীয়বার তা আরও গুরুত্বপূর্ণ হতে পারে। আইইডিসিআরের বিশ্লেষণে বাংলাদেশে ডেঙ্গুর চারটি ধরনই সক্রিয় থাকার তথ্য পাওয়া গেছে। জনস্বাস্থ্যবিদদের অভিযোগ, ডেঙ্গু নিয়ন্ত্রণে সবচেয়ে বড় বাটনি সমসয়ের ক্ষেত্রে। এডিস মশা নিয়ন্ত্রণের দায়িত্ব স্থানীয় সরকার মন্ত্রণালয়ের, আর আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার দায়িত্ব স্বাস্থ্য মন্ত্রণালয়ের। দুই মন্ত্রণালয়ের মধ্যে কার্যকর সমন্বয় ছাড়া ডেঙ্গু নিয়ন্ত্রণ সম্ভব নয় বলে বিশেষজ্ঞরা দীর্ঘদিন ধরে বলে আসছেন। কিন্তু বাস্তবে সেই সমন্বয়ের ঘাটতি রয়েছে। ২০১৭ সালে ঢাকায় ডেঙ্গুর প্রকোপ বাড়ার পর বিশ্ব স্বাস্থ্য সংস্থা রোগতত্ত্ববিদ ড. কে কৃষ্ণমূর্তিকে বাংলাদেশে পাঠায়। তিনি সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে আলোচনা করে ২২ পৃষ্ঠার একটি পরিকল্পনা তৈরি করেন। এতে আক্রান্ত ও মৃত্যুর হার কমতে রোগতত্ত্ববিদ, কীটতত্ত্ববিদ, অণুজীববিজ্ঞানী, তথ্য-শিক্ষা-যোগাযোগ বিশেষজ্ঞ ও গণমাধ্যমকর্মীদের সমন্বয়ে ‘র‍্যাপিড রেসপন্স টিম’ গঠনের সুপারিশ করা হয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে ১২টি মন্ত্রণালয়কে যুক্ত করার কথাও বলা হয়। ২০১৯ সালের মধ্যে পরিকল্পনাটি বাস্তবায়নের কথা থাকলেও তা হয়নি। এরপর ২০১৯ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা জোন্ট কীটতত্ত্ববিদ বি এন কারোকে ঢাকায় পাঠায়। তিনি ডেঙ্গু নিয়ন্ত্রণে সাধারণ মানুষের সম্পৃক্ততার ওপর জোর দেন। তার মতে, শুধু সিটি কর্পোরেশনের কর্মীদের মাধ্যমে এডিস মশা নিয়ন্ত্রণ সম্ভব নয়। কারণ এডিস মশা ঘরের ভেতরে টেবিল-চেয়ার, সোফা, বিছানা, পর্দা ও আলমারির পেছনের মতো অক্ষরার ও আর্দ্র জায়গায় অবস্থান করে। ফলে বাড়িঘরের ভেতরে মশার প্রজননস্থল ধংসে সাধারণ মানুষকে সম্পৃক্ত করা জরুরি।

ভোলায় আখের রেকর্ড ফলন

মোটানোর পাশাপাশি প্রতিদিন ট্রাকে করে দেশের বিভিন্ন জেলায় সরবরাহ করা হচ্ছে। এতে কৃষকেরা এবার আগের তুলনায় বেশি লাভবান হচ্ছেন। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত বছর মানভেদে ১০০ পিস আখ ১ হাজার ৫০০ থেকে ২ হাজার ৫০০ টাকায় বিক্রি হলেও এবার তা বিক্রি হচ্ছে ৩ হাজার থেকে ৩ হাজার ৫০০ টাকায়। ভোলা সদর উপজেলার ভেদুরিয়া গ্রামের কৃষক মনিরুল ইসলাম জানান, ২৬ শতাংশ জমিতে ৪০ হাজার টাকা খরচ করে চাষ করে তিনি এবার ৮০ থেকে ৮৫ হাজার টাকার আখ বিক্রির আশা করছেন। একই গ্রামের চাষি মহসিন মাঝি জানান, ব্যাপারীরা সরাসরি খেত থেকেই ভালো দামে আখ কিনে নিয়ে যাচ্ছেন। পরানগঞ্জ বাজারের খুচরা বিক্রেতা মো. নিরব মিয়া জানান, বাজারে পর্যাপ্ত সরবরাহের পাশাপাশি বেচাকেনাও বেশ জমজমাট। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. খায়রুল ইসলাম মল্লিক জানান, ভোলার মাটি ও আবহাওয়া আখ চাষের জন্য দারুণ উপযোগী। কৃষি বিভাগ থেকে চাষিদের সর্বাভাুক পরামর্শ দেওয়া হচ্ছে। ভালো ফলন ও দাম পাওয়ায় আগামীতে আখ চাষে কৃষকদের অগ্রহ আরও বাড়বে বলে আশা প্রকাশ করেন তিনি।

মালয়েশিয়ার ‘মিনি ঢাকা’য়

ও ৩৩ জন নারী রয়েছেন। স্থানীয় সময় রোববার (১৩ সেপ্টেম্বর) এ অভিযান চালায় ইমিগ্রেশন বিভাগসহ বিভিন্ন সরকারি সংস্থার পাঁচশ’র বেশি কর্মকর্তা-কর্মচারী। এ সময় সন্দেহভাজন আড়াই হাজারের বেশি ব্যক্তিকে ডগ্‌লাশি করা হয়। মালয়েশিয়ার গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, অবৈধ অভিবাসীদের ধরতে স্থানীয়ভাবে ‘বাংলা মার্কেট’ ও ‘মিনি ঢাকা’ খাতা হিসেবে পরিচিত কোতারায় এলাকায় সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় সকাল থেকে প্রবাসীদের সমাগম ছিল। অভিযান শুরু হওয়ার সঙ্গে সঙ্গে পুরো এলাকা ঘিরে ফেলে আইনশৃঙ্খলা বাহিনী। পরে অভিযান চালিয়ে ৪৭২ জন অবৈধ অভিবাসীকে আটক করা হয়। আটকদের মধ্যে সর্বাধিক সংখ্যক বাংলাদেশি নাগরিক ৬৬৪ জন। এছাড়া মিয়ানমারের ৫৭, ফিলিপাইনের ১৮, পাকিস্তানের ৭, নেপালের ৮, ইন্দোনেশিয়ার ৭, ভারতের ৬, জিম্বাবুয়ে ও সৌদি আরবের একজন করে নাগরিক আটক হয়েছে। কুয়ালালামপুর ইমিগ্রেশন বিভাগ জানিয়েছে, আটকদের বিরুদ্ধে বৈধ পরিচয়পত্র না থাকা, অতিরিক্ত সময় অবস্থান এবং অনুমতি ছাড়া মালয়েশিয়ায় কাজে যুক্ত থাকাহয় বিভিন্ন অভিযোগ রয়েছে। দেশটির অভিবাসন বিভাগের পরিচালক হামশা ইঞ্জাই গণমাধ্যমকে জানান, সপ্তাহান্তে বিভিন্ন রাজ্য থেকে বিপুলসংখ্যক বিদেশি কুয়ালালামপুরে আসেন। এবার অভিযানে তদ্বাশি করা আড়াই হাজারের বেশি অভিবাসীর মধ্যে ৪৭২ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। যথাযথ তদন্ত শেষে এবং আইনি ব্যবস্থার জন্য আটক ব্যক্তিদের ডিটেনশন ডিপোতে নেওয়া হচ্ছে। উল্লেখ্য, মালয়েশিয়ার অভিবাসন আইন অনুযায়ী অবৈধভাবে অবস্থান করা কর্মী ছাড়াও তাদের নিয়োগকর্তা না আশ্রয়দাতাদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়ার বিশেষ সতর্কতা জারি করেছে কর্তৃপক্ষ।

অর্থনৈতিক সহযোগিতা জোরদারে

নিয়ে আলোচনা করেন। একই সঙ্গে মধ্যপ্রাচ্যের চলমান সংঘাত নিয়েও উদ্বেগ প্রকাশ করেন তারা। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিকসের সদস্য দেশগুলোর মধ্যে আরও বেশি সহযোগিতার আহ্বান জানান। তিনি বলেন, ব্রিকসের শক্তি হলো সদস্য দেশগুলোর বৈচিত্র্য ও পারস্পরিক সহযোগিতা। মোদী জানান, ব্রিকসের দেশগুলো বিশ্বের প্রায় ৫০ শতাংশ জনসংখ্যার প্রতিনিধিত্ব করে। বৈশ্বিক ষ্টোট দেশজু উপাদানের (জিডিপি) প্রায় ৪০ শতাংশ এবং বিশ্ব বাণিজ্যের ২৫ শতাংশের বেশি এই জোটের সদস্য দেশগুলোর সঙ্গে যুক্ত। সম্মেলনে মোদী বলেন, বিভিন্ন দেশের বাস্তবতা ও পরিস্থিতি ভিন্ন হলেও সহযোগিতার মাধ্যমে সবাই এগিয়ে যেতে পারে। ব্রিকসের লক্ষ্য হওয়া উচিত এমন বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করা, যেখানে সবাই অগ্রা্শে নিতে পারে। তিনি বলেন, ভিন্ন বাস্তবতায় অবস্থান করলেও সহযোগিতার মাধ্যমে দেশগুলো একসঙ্গে এগিয়ে যেতে পারে এবং মানবতার জন্য আরও ভালো ভবিষ্যৎ তৈরি করতে পারে। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেন, ব্রিকস একটি নতুন ও আরও ন্যায্য বহুমেরুকেন্দ্রিক বিশ্বব্যবস্থা গড়ে তোলার জন্য কাজ করছে। চীনের প্রেসিডেন্ট শি জিনপিংও আন্তর্জাতিক ক্ষেত্রে নিয়ম ও শৃঙ্খলার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, নিয়মহীন বিশ্ব অনেকটা ট্রাফিক সিগন্যালবিহীন একটি মোড়ের মতো—যেখানে বিশৃঙ্খলা তৈরি হওয়া অনিবার্য। সম্মেলনের প্রথম দিন শনিবারের আলোচনায় মে মধ্যপ্রাচ্যের সংঘাত সবচেয়ে বেশি গুরুত্ব পায়। এর আগে এখানে নয়ায়িডিলেট ব্রিকসের পররাষ্ট্রমন্ত্রীর যুদ্ধ নিয়ে একটি যৌথ বিবৃতিতে একমত হতে পারেননি। ইরান, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে সংঘাত নিয়ে মতপার্থক্য ছিল। তবে ভারতের কূটনৈতিক প্রচেষ্টার পর এবার ব্রিকস নেতারা একটি যৌথ বিবৃতি দিতে সক্ষম হন। এতে যথার্থতা ও পশ্চিম এশিয়ায় উত্তেজনা দিতে থাকায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। বিবৃতিতে সংঘাতের সঙ্গে জড়িত পক্ষগুলোকে সর্বোচ্চ সংঘম দেখানোর আহ্বান জানানো হয়েছে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইরান ও যুক্তরাষ্ট্র—এই দেশের সঙ্গেই সম্পর্ক বজায় রাখার চেষ্টা করছেন। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের মিত্র ইসরায়েলের সঙ্গেও ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধের কারণে তৈরি জ্বালানি সংকট মোকাবিলায় ভারত রাশিয়ার দিকেও ঝুঁকেকে। তবে ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে রাশিয়ার ওপর যুক্তরাষ্ট্র ও অন্যান্য পশ্চিমা দেশের চাপ রয়েছে। এ পরিস্থিতিতে ব্রিকস সম্মেলনে অর্থনৈতিক সহযোগিতা, জ্বালানি নিরাপত্তা এবং আন্তর্জাতিক রাজনীতিতে সদস্য দেশগুলোর ভূমিকা আরও জোরদার করার বিষয়টি গুরুত্ব পেয়েছে।

নামাজ শেষে বাড়ি ফিরছিলেন

বাড়ির দিকে যাছিলেন। এ সময় দ্রুতগতির একটি ইজিবাইক তাঁদের পেছন থেকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে দুজনই গুরুত্বর আহত হন। পরে স্থানীয়রা আহত দুজনকে উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর তাঁদের উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ফারুক সরদারকে মৃত ঘোষণা করেন। গৌরনদী হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) সরিফুল ইসলাম বলেন, দুর্ঘটনার পর ইজিবাইকটি ঘটনাস্থল থেকে পালিয়ে গেছে। সেটি শনাক্ত ও চালককে আটকের চেষ্টা চলছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ায় প্রক্রিয়া চলছে।

নেহারাবাদে প্রতিবন্ধী কার্ডে

না পেরে অভিযোগ করেন সোহাগদল ইউনিয়নের শেখপাড়া গ্রামের সাহানা নামের এক নারী। সাহানার অভিযোগ, তাঁদের এলাকার হাফিজা আক্তার নামের এক নারী এলাকায় ঘুরে ঘুরে প্রতিবন্ধী কার্ড করে দেন। প্রতিবন্ধী ছেলের কার্ড করার জন্য তিনি হাফিজা আক্তারকে অনলাইন আবেদনের জন্য প্রথমে ৫০০ টাকা দেন বলে জানান। প্রায় দুই সপ্তাহ পর হাফিজা একটি ফরম এনে সেটি কার্যালয়ে জমা দেওয়ার জন্য আরও দুই হাজার টাকা দাবি করেন বলে অভিযোগ সাহানার। কার্ড পাওয়ার পর আরও দুই হাজার টাকা দিতে হবে বলেও তাঁকে জানানো হয়। সাহানা জানান, তাঁর স্বামী করাচিতে সামান্য বেতনে কাজ করতেন। অতিরিক্ত টাকা দিতে না পারায় তিনি নিজেই উপজেলা সমাজসেবা কার্যালয়ে এসে ইউনিয়ন সমাজকর্মী রেহানাকে

বিষয়টি জানান। সাহানার দাবি, একই এলাকার আরও কয়েকজনের কাছ থেকেও ফরম জমা দেওয়ার জন্য ৫০০ টাকা ও পরে দুই হাজার টাকা করে নিয়েছেন হাফিজা আক্তার। অভিযোগকারীর ভাষ্য, ইউনিয়ন সমাজকর্মী রেহানা বেগমের স্বামীর সঙ্গে দালাল হাফিজা আক্তারের সখ্য রয়েছে। টাকা দেওয়া ব্যক্তিরে প্রতিবন্ধী কার্ড পেতে তেমন বেগ পেতে হয় না বলেও অভিযোগ করেন তিনি। সরেজমিনে কার্যালয়ে গিয়ে হাফিজা আক্তারকে পাওয়া যায়নি। তবে আকলিমা নামের আরও এক নারীকে কয়েকটি প্রতিবন্ধী কার্ডের ফরমের কাগজসহ দেখা যায়। ক্যামেরার সামনে এ বিষয়ে জানতে চাইলে আকলিমা দ্রুত সরে যান। পরে ইউনিয়ন সমাজকর্মী রেহানা বেগমের কাছে অভিযোগের বিষয়ে জানতে চাইলে কার্যালয়ে বসে থাকা তাঁর স্বামী প্রথমে স্ত্রী অসুস্থ উল্লেখ করে কথা বলতে নিষেধ করেন। একপর্যায়ে রেহানা বেগম তাঁর স্বামীকে কার্যালয় থেকে চলে যেতে বললে তিনি বেরিয়ে যান। অভিযোগ অস্বীকার করে ইউনিয়ন সমাজকর্মী রেহানা বেগম বলেন, ‘আমি কোনো দালালকে চিনি না। অফিসে এসে ফরম জমা দিলেই স্যারের নির্দেশ অনুযায়ী কাজ করি। দালালদের সঙ্গে আমার স্বামীর কোনো সখ্য নেই।’ উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. সালাউদ্দীন বলেন, ‘আমি নতুন এসেছি। অফিসের কাজে একটু বাইরে আছি। বিষয়টি খোঁজ নিয়ে দেখব। প্রতিবন্ধী ফরম পূরণসহ কার্ড পেতে অফিসে কোনো টাকা লাগে না। প্রতিবন্ধী কার্ডের মতো সরকারি সেবা পেতে সেবাধীন্যীদের কাছে থেকে অর্থ নেওয়ার অভিযোগ ও কার্যালয়ে কথিত দালালদের ফরম নিয়ে অবস্থানের বিষয়টি নিয়ে প্রশ্ন উঠেছে। ভুক্তভোগী ও স্থানীয় বাসিন্দাদের দাবি, দালাল চক্রের সঙ্গে কার্যালয়ের কারও সংশ্লিষ্টতা রয়েছে কি না, তা তদন্ত করে পরিষ্কার করা হোক।

এসিল্যান্ডের স্বাক্ষর জালিয়াতির

কাগজে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়াসীন সাদেকের স্বাক্ষরিত ৭ নম্বর ওয়ার্ডের যোলদহর গ্রামের সুলতান খানের ছেলে মো. আমিনুল খান (৩৫), একই এলাকার মৃত ইসমাইল খানের ছেলে আব্দুস সালাম খান (৪৮) এবং মুলাদী পৌরসভার পশ্চিম চরপত্নীডাঙ্গা গ্রামের দেলোয়ার দস্তগীর ছেলে সজল দস্তগীরকে (২৮) আটক করা হয়। এ সময় তাঁদের ৩ জনের কাছ থেকে ১১০টি ইয়াবা উদ্ধার করা হয়। অন্যদিকে, পৌর এলাকার পৃথক এক অভিযানে ৫টি ইয়াবাসহ আরও ১ যুবককে আটক করা হয়। আটককৃত যুবক হলেন—মুলাদী পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের তেরচর এলাকার সালাম কাপারের ছেলে ইউসুফ পাঠান (২০)। বিষয়টি নিশ্চিত করে মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. মোহেব রানা জানান, ইয়াবাসহ আটককৃত যুবকদের বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক ২টি মামলা রুজু করা হয়েছে। রোববার দুপুরে আসামিদের আদালতের মাধ্যমে বর্ণোপাচারের পাঠানো হয়েছে। মাদকের বিরুদ্ধে পুলিশ জিরো টোলারেঞ্চ নীতি গ্রহণ করেছে এবং এই অভিযান অব্যাহত থাকবে।

মুলাদীতে পৃথক অভিযানে ইয়াবাসহ

অভিযান চালায় পুলিশ। এ সময় উপজেলার চরকালেশ্বান ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের যোলদহর গ্রামের সুলতান খানের ছেলে মো. আমিনুল খান (৩৫), একই এলাকার মৃত ইসমাইল খানের ছেলে আব্দুস সালাম খান (৪৮) এবং মুলাদী পৌরসভার পশ্চিম চরপত্নীডাঙ্গা গ্রামের দেলোয়ার দস্তগীর ছেলে সজল দস্তগীরকে (২৮) আটক করা হয়। এ সময় তাঁদের ৩ জনের কাছ থেকে ১১০টি ইয়াবা উদ্ধার করা হয়। অন্যদিকে, পৌর এলাকার পৃথক এক অভিযানে ৫টি ইয়াবাসহ আরও ১ যুবককে আটক করা হয়। আটককৃত যুবক হলেন—মুলাদী পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের তেরচর এলাকার সালাম কাপারের ছেলে ইউসুফ পাঠান (২০)। বিষয়টি নিশ্চিত করে মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. মোহেব রানা জানান, ইয়াবাসহ আটককৃত যুবকদের বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক ২টি মামলা রুজু করা হয়েছে। রোববার দুপুরে আসামিদের আদালতের মাধ্যমে বর্ণোপাচারের পাঠানো হয়েছে। মাদকের বিরুদ্ধে পুলিশ জিরো টোলারেঞ্চ নীতি গ্রহণ করেছে এবং এই অভিযান অব্যাহত থাকবে।

চুরির অভিযোগে যুবকের মাথা

তরিকুল ইসলাম ওসমান গনিকে ধরে একটি কক্ষে নিয়ে যান। সেখানে কাঁচি দিয়ে তার মাথার চুল কেটে দেন এবং তাকে মারধর করেন। পরে তাকে পুলিশশেরে নিয়ে দ্রুত হাসপাতাল হয়। মারজান প্রিন্টিং প্রেসের কর্মচারী তরিকুল ইসলাম বলেন, শনিবার বিকেল ৪টার দিকে ওসমান গনি প্রতিষ্ঠানে প্রবেশ করে কাশি বাস্র থেকে ৭ থেকে ৮ হাজার টাকা নিয়ে দ্রুত পালিয়ে যান। পরে তাকে আটক করে প্রিন্টিং প্রেসে নিয়ে আসা হয়। সেখানে তার পকেট তদ্বাশি করে চুরি হওয়া টাকা উদ্ধার করা হয় বলে দাবি করেন তিনি। এ বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, চুরির অভিযোগে আটক যুবকের মাথার চুল কেটে দেওয়া আরেকটি অপরাধ। ওই যুবক বা তার স্বজনদের লিখিত অভিযোগ পেলে এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ভাণ্ডারিয়ায় ডেঙ্গু প্রতিরোধে তিন

পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়। এদিকে ‘সারা দেশে ডেঙ্গু পরিষ্কৃতি মোকাবিলায় শনিবার সকালে ভাণ্ডারি়া বর্তমান সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান আনুষ্ঠানিক ভাবে এ পরিচ্ছন্নতা কাজের শুভ উদ্বোধন করেন। এ উপলক্ষে উপজেলা অডিটরিয়ামে এক আলোচনা সভায় উপস্থেলো ও পৌর প্রশাসক ইউএনও মো.হাসিনুল হাসানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মজিবুল ফারুক, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিরক্ষণা কর্মকর্তা ডাঃ ইব্রাহীম মোস্তা,ভাণ্ডারিয়া থানার পরিদর্শক (ওসি) দেওয়ান জগলুল হোসাইন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম,উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. বদীউজ্জামান,উপজেলা বিএনপির সার্বাণন সম্পাদক মো. মনির হোসেন আকন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ (মলাত) জোমাদ্দার, পৌর বিএনপির আবেগীয় আব্দুল মাল্লান হাওলাদার,প্রধান শিক্ষক সজীব কুমার মজুমদার, মিতুল চন্দ্র বেপারী প্রমুখ। সভায় বক্তারা বলেন, কেবল সরকারি উদ্যোগেই ডেঙ্গু দমন সম্ভব নয়। সরকারের পাশাপাশি বেসরকারি ভাবে এমনটি প্রতিটি বাড়িতে জমে থাকা পানি পরিষ্কার করা এবং নিজে নিজ আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার মাধ্যমে সকলস্তরের মাণুষকে এ অভিযানে অংশ নেয়ার আহ্বান জানানো হয়।

যৌতুক দাবীতে স্বামী ও শ্বশুরবাড়ির

যৌতুক দিতে না পারায় তাকে বিভিন্ন সময় শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি বলেন এ সময় সৃষ্টি আক্তারের সাথে উপস্থিত ছিলেন ছোট বোন জন্মাতা আক্তার। সৃষ্টির অভিযোগ, স্বামীর চাচা বিএনপি নেতা কামরুল ফকিরের পরামর্শ ও প্রভাবে তাকে নির্যাতন করা হতো। তার একটি কন্যাপুত্রান রয়েছে, যার বয়স বর্তমানে প্রায় তিন বছর চার মাস। এছাড়া ২০২৫ সালের ৫ নভেম্বর রাতে তার স্বামী পেটে লাথি মারায় গর্ভের সন্তান নষ্ট হয়ে যায় বলেও অভিযোগ করেন তিনি। ওই সময় তাকে চিকিৎসার জন্য হাসপাতালে নিতে বাধ্য দেওয়া হয়েছিল বলেও তিনি বলেন এবং তার কাছে জানতে চাওয়া হয়ে তিনি দাবি করেন সৃষ্টি। লিখিত বক্তব্যে তিনি আরও অভিযোগ করেন, দীর্ঘদিনের নির্যাতন সহ্য করতে না পেরে চলতি বছরের ১৩ আগস্ট বরিশাল বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন মনন ট্রাইব্যুনালে মামলা দায়ের করেছেন। মামলার তারিখ নম্বর ৩৬৮/২৬ বলে উল্লেখ করেন তিনি। এছাড়া বিএনপি নেতা কামরুল ফকির ও তার পরিবারের কয়েকজন সদস্যের বিরুদ্ধে চাঁদাবাজি, হুমকি এবং ঐনৈতিক কর্মকাণ্ডের বিভিন্ন অভিযোগও করেন সৃষ্টি আক্তার। সবাদ সম্মেলনের মাধ্যমে সৃষ্টি আক্তার অনিয়ুক্ত শাহাদাৎ ফকির, কামরুল ফকির, শাহে আলম ফকির, মনিরুজ্জামান ফকির ও সাহায্যকর ফকিরের বিরুদ্ধে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। এছাড়াও তিনি প্রশাসন, রাজনৈতিক নেতৃবৃন্দ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তার নিরাপত্তা নিশ্চয়তা করা এবং মামলার সৃষ্টি তদন্তেরও দাবি জানান ভুক্তভোগী।

এক যুগেও চালু

হয়নি পটুয়াখালী

খাচ্ছেন চিকিৎসক-নার্সরা। এতে চিকিৎসা নিতে এসে দুর্ভোগ পোহাতে হচ্ছে রোগী ও স্বজনদের। সংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, ভূমি অধিগ্রহণ জটিলতা, করোনা মহামারিসহ বিভিন্ন কারণে নির্ধারিত সময়ে নির্মাণকাজ শেষ করা সম্ভব হয়নি। পরে কয়েক দফায় প্রকল্পের মোয়াদ বাড়ানো হয়। সংশোধনের পর প্রকল্প ব্যয় বেড়ে দাঁড়ায় প্রায় ৬৫১ কোটি টাকা। দীর্ঘদিন ধরে নির্মাণকাজ চলার মধ্যেই হাসপাতাল ভবনের বিভিন্ন স্থানে ফাটল ও দেয়ালে স্রাটসেিতে সমস্যার কথাও জানিয়েছেন সংশ্লিষ্টরা। অন্যদিকে, ২৫০ শয্যার পটুয়াখালী জেনারেল হাসপাতালে প্রতিদিন প্রায় ৮০০ রোগী চিকিৎসা নিতে আসছেন। নির্ধারিত শয্যার তুলনায় কয়েকগুণ বেশি রোগীরা চাপ থাকায় বিশেষ করে শিশু ওয়ার্ডে দেখা দিয়েছে তীব্র সংকট। কোথাও একটি বেডে দুই শিশুকে থাকতে হচ্ছে, আবার তাদের সঙ্গে থাকছেন একাধিক স্বজন। এতে এক রোগীর সংক্রমণ অন্য রোগীর মধ্যে ছড়িয়ে পড়ার আশঙ্কাও রয়েছে। বাউফল থেকে দুই বছরের শিশুকে চিকিৎসা করতে আসা এক রোগীর স্বজন বলেন, শিশুটির অনেক জ্বর। কিন্তু শিশু ওয়ার্ডে একটি বেডে তিনজনকে থাকতে হচ্ছে। এতে একজনের রোগ অন্যজনের শরীরে ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। শিশু ওয়ার্ডের অবস্থাও খুব খারাপ। কমলাপুর ইউনিয়ন থেকে চিকিৎসা নিতে আসা শেফালী বেগম বলেন, হাসপাতালে ডাক্তার দেখাতে এসে আর্থিক ক্ষতির মুখে পড়তে হয়। চিকিৎসা নিতে অনেক সময় লাগে। ডাক্তার সংকট থাকায় ঠিকমতো সেবা পাওয়া যায় না। আমতলী থেকে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর স্বজন নাজমা বেগম বলেন, ‘অনেক দূর থেকে ডেঙ্গু রোগী নিয়ে হাসপাতালে ভর্তি করছি। আজ সাত দিন হয়ে গেছে। রোগী মোটামুটি সুস্থ। কিন্তু তাকে সুস্থ করানো গিয়ে আমরাও এখন অসুস্থ হয়ে গেছি। এখানে টয়লেটের অবস্থা খুব খারাপ। এত দুর্গন্ধ যে টয়লেটের কাছাকাছি যাওয়া যায় না। রোগী ও স্বজনদের অভিযোগ, অতিরিক্ত রোগীর চাপে বেডের সংকটের পাশাপাশি ওয়ার্ড ও শৌচাগারের পরিচ্ছন্নতা নিয়েও ভোগান্তি পোহাতে হচ্ছে। একটি বেডে একাধিক রোগী থাকায় চিকিৎসার পরিবেশও ব্যাহত হচ্ছে। পটুয়াখালী ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল তত্ত্বাবধায়ক ডা. দিলকুশা ইয়াসমিন লিজা বলেন, শুধু নির্মাণকাজ শেষ না হওয়াই নয়, নতুন হাসপাতাল চালুর ক্ষেত্রে আরেকটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে প্রয়োজনীয় জনবল। হাসপাতালের জন্য চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরাও প্রয়োজনীয় জনবল কাঠামো এখনো চূড়ান্ত হয়নি। ফলে অবকাঠামোর কাজ শেষ হলেও পর্যাপ্ত জনবল নিয়োগ ছাড়া পূর্ণাঙ্গ চিকিৎসাসেবা চালু করা কঠিন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। প্রকল্প পরিচালক ডা. এসএম কবির হাসান বলেন, প্রায় ৬৫১ কোটি টাকা ব্যয়ে নির্মাণীয় এই হাসপাতালে ১৩টি লিফটসহ আধুনিক বিভিন্ন চিকিৎসা সুবিধা থাকছে। হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু হলে পটুয়াখালীসহ আশপাশের জেলার মানুষের চিকিৎসাসেবার চাপ অনেকটাই কমবে, প্রকল্পের সিংহভাগ কাজ শেষ হয়েছে। তবে জনবল নিয়োগের বিষয়টি এখনো অগ্রাধি পায়নি।

রাজাপুরে খালে ভেসে

অনা শিশুদের সঙ্গে খেলছিল। এ সময় তার মা ঘরের কাজে ব্যস্ত ছিলেন। কিছুক্ষণ পর শিশুটিকে দেখতে না পেয়ে পরিবারের সদস্য ও প্রতিবেশীরা খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে বাড়ির সমন্দের খালে শিশুটিকে ভাসমান অবস্থায় দেখতে পান তারা। দ্রুত উদ্ধার করে রোজা মনিকে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। রাজাপুর থানার ওসি (তদন্ত) মো. ফিরোজ কামাল বলেন, পরিবারের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই শিশুটির মরদেহ দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

জিও ব্যাগেরই দেখা নাই

মিছিল শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এসে শেষ হয়। মানববন্ধনে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) বরিশাল জেলা শাখার সমন্বয়ক ডা. মনীষা চক্রবর্তী বলেন, দক্ষিণাঞ্চলের মানুষের জন্য নদীভাঙন একটি বিধিকার নাম। বার বার নদী ভাঙে, বার বার জাফলকবলিত মানুষগুলোকে বিভিন্ন জায়গায় উদ্ধারের মতো আশ্রয় নিতে হয়। জলবায়ু তহবিলের অর্থ নদীভাঙনকবলিত এলাকার মানুষের জন্য ব্যয় হচ্ছে না অভিযোগ করে ডা. মনীষা বলেন, ভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসন ও ক্ষতিপূরণে সরকারের কার্যকর উদ্যোগ দেখা যাচ্ছে না। নদীভাঙন প্রতিরোধে গবেষণার প্রয়োজনীয়তার কাউ উল্লেখ করে তিনি বলেন, ফরিদপুরে একটি নদী গবেষণা ইনস্টিটিউট রয়েছে। কিন্তু খয়রাবাদ নদীর ভাঙন প্রতিরোধে কোন গবেষণা কাজে লাগানোর উদ্যোগ দেখা যায়নি। ডা. মনীষা চক্রবর্তী বলেন, ‘তারা জিও ব্যাগ ফেলে আর বেড়িবাধের গল্প শোয়। এই ছদ্ম মাস ধরে এলাকার মানুষ প্রতিবাদ করে যাচ্ছে। জিও ব্যাগেরও দেখা নাই, বেড়িবাধের গল্পের তো খবরই নাই, এই হচ্ছে পরিস্থিতি।’ নদীভাঙনে শিক্ষার্থী ও স্থানীয় মানুষের দুর্ভোগের কথা তুলে ধরে ডা. মনীষা বলেন, সড়ক ভেঙে যাওয়ায় ছোট ছোট শিক্ষার্থীদের স্কুলে যেতে সমস্যা হচ্ছে। অনেককে অতিরিক্ত পেশাক সঙ্গে নিয়ে হাতে হচ্ছে। সড়কের অবস্থা এমন হয়েছে যে জরুরি রোগীকে হাসপাতালে নেওয়াও কঠিন। এমনকি করহানও নদীভাঙনের রুঁকিতে রয়েছে। ডা. মনীষা বলেন, ‘আমরা জানুয়ারি মাস, ডিসেম্বর মাস থেকে তুন্নি এখানে বেড়িবাধ হবে, এখানে রাস্তা হবে। কবে হবে? আর কয়টা বর্ষার সিজনে কয়শ লেগের ঘরবাড়ি ভাঙলে পরে আপনারা রাস্তা করবেন, বেড়িবাধ করবেন—এই প্রশ্ন তো এলাকার মানুষ করতে চায়।’ উপজেলা প্রশাসনের কাছে দাবি জানিয়েও কোনো কাজ হয়নি উল্লেখ করে ডা. মনীষা বলেন, জেলা প্রশাসকের কাছে দাবি জানানোর পরও ব্যবস্থা না হলে ক্ষতিগ্রস্ত মানুষ বৃহত্তর আন্দোলনে গেলে সেটির জন্য তাঁদের দায়ী করা যাবে না। এমন আন্দোলনের ‘যৌক্তিক ভিত্তি’ ও ‘ন্যায়তা’ থাকবে বলেও মন্তব্য করেন তিনি। সরকারের প্রতি দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে ডা. মনীষা বলেন, নদীভাঙনে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের পাশাপাশি তাঁদের রক্ষায় বেড়িবাধ ও রাস্তাঘাট নির্মাণ করতে হবে। ডা. মনীষা বলেন, ‘আমাদের ট্যাক্সের টাকা দিয়ে আমাদের রাস্তাঘাট নির্মাণ করুন। আমাদের ট্যাক্সের টাকা দিয়ে আমাদের বাড়িঘর রক্ষা করুন। আমাদের ট্যাক্সের টাকা দিয়ে আমাদেরকে নদীভাঙনের হাত থেকে রক্ষা করুন।’ খয়রাবাদ নদীভাঙন প্রতিরোধের আন্দোলনে বাসদের সমর্থন অব্যাহত থাকবে জানিয়ে ডা. মনীষা বলেন, ‘এই খয়রাবাদ নদীভাঙন প্রতিরোধ আন্দোলন যত দিন চলবে, সেই আন্দোলনে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল বাসদের পক্ষ থেকে আমরা আছি।’ ভুক্তভোগীদের দাবি, প্রায় ১০০ বছর ধরে খয়রাবাদ নদীর ভাঙনে ওই এলাকার মানুষের বসতিভিটা, মৃৎকল সম্পত্তি ও পূর্বপুরুষদের কবর নদীভর্তে বিলীন হয়েছে। বর্তমানে ২০০টির বেশি পরিবার ও অন্তত এক হাজার মানুষ বসতিভিটা হারানোর রুঁকিতে রয়েছেন। ভুক্তভোগীদের অভিযোগ, নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের কারণে ভাঙন আরও তীব্র হয়েছে। তাঁদের দাবি, প্রায় এক কিলোমিটার নদীতীর জরুরি ভিত্তিতে সরেক্ষণ করা প্রয়োজন। পাশাপাশি জিও ব্যাগ ফেলা, স্থায়ী বেড়িবাধ নির্মাণ, ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কার এবং ভাঙন ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। গত ৭ জুন নলছিটি উপজেলা কার্যালয়ের সামনে একই দাবিতে মানববন্ধন করে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্মারকলিপি দেওয়া হয়েছিল। তবে প্রায় তিন মাস পার হলেও কার্যকর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি



বাকেরগঞ্জ একতা গ্রামীণ সংস্থার উদ্যোগে গাছের চারা বিতরণ করছেন অতিথিবৃন্দ

-কীর্তনখোলা

বলে দাবি করেন ভুক্তভোগীরা। কর্মসূচিতে দপদপিয়া ইউনিয়ন খয়রাবাদ নদীভাঙন প্রতিরোধ সংগ্রাম কমিটির আহ্বায়ক মো. রুহুল আমিন হাওলাদার, যুগ্ম আহ্বায়ক মো. ফরিদ হাওলাদার, সদস্যসচিব মো. রমজান আকন হুদয়, যুগ্ম সদস্যসচিব মো. রুবেল হাওলাদারসহ স্থানীয়রা বক্তব্য দেন। বক্তারা দ্রুত নদীভাঙন রোধে কার্যকর ব্যবস্থা, নদীতীর সংরক্ষণ, বেড়িবাধ ও সড়ক নির্মাণ এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পুনর্বাসনের দাবি জানান।

কাউখালীতে কোটি টাকার আমড়া বিক্রি

চাষ করা হচ্ছে। প্রতি বছর আষাঢ় থেকে আশ্বিন মাস পর্যন্ত কাউখালীর হাট-বাজার ও মোকামগুলোতে আমড়া কেনা-বেচার ধুম পড়ে। উপজেলার আমড়া অত্যন্ত সুস্বাদু ও উন্নত মানের হওয়ায় দেশজুড়ে এর রয়েছে বিশাল চাহিদা। কাউখালী উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, উপজেলার বিভিন্ন এলাকায় প্রায় ৪০ সেক্টর জমিতে আমড়া চাষ করা হয়েছে যার উৎপাদন প্রায় ৬০০ টন। আমড়া ব্যবসায়ী জাহাঙ্গীর হোসেন ও হাফিজ খান জানান, কাউখালী থেকে প্রতিদিন গড়ে ট্রাক ও ট্রলারে করে ২০০ থেকে ২৫০ বস্তায় প্রায় ৩০০ মণ আমড়া দেশের বিভিন্ন গাইকারি মোকামে পাঠানো হচ্ছে। আমড়া বাংলাদেশের একটি সুপরিচিত ও জনপ্রিয় ফল। এটি পর্যাপ্ত ভিটামিন ‘এ’, ‘বি’, ‘সি’ ছাড়াও ক্যালসিয়াম, ফসফরাস ও লৌহের মতো প্রয়োজনীয় গুটি উপাদানে সমৃদ্ধ। ফলে এটি যেমন স্থানীয়দের ভিটামিনের চাহিদা মেটাচ্ছে, তেমনি বাস্পার ফলনে অর্ধকরী ফসল হিসেবে চাষিদের লাভবান করছে। এ বিষয়ে কাউখালী উপজেলা কৃষি অফিসার সোমা রানী দাস জানান, আমড়া একটি দ্রুত বর্ধনশীল গাছ। অত্যন্ত অল্প সময়ের মধ্যে এ গাছ বৃদ্ধি পায় এবং ফল দেয়া শুরু করে। পরিকল্পিতভাবে আমড়া চাষ বৃদ্ধি করতে পারলে একদিকে যেমন পুষ্টির চাহিদা পূরণ হবে, অন্যদিকে চাষিরা প্রচুর বৈশেষিক মুদ্রা ও অর্থ উপার্জন করতে পারবেন।

ঢাবিতে বরিশাল বিভাগীয় নবীন শিক্ষার্থীদের

জহির উদ্দিন স্বপন (অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. এস. এম. জিয়াউদ্দিন হায়দার, সংরক্ষিত নারী আসন-৪৯ এর সংসদ সদস্য সুলতানা জেসমিন জুই, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু জাফর খান এবং বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সাধারণ সম্পাদক ও ফ্যাসিবাদের বিরোধী ছাত্রএকাদির মুখপাত্র সাইফ হামুদ জুয়েল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে বিকেল ৪টা থেকে শুরু হয়ে রাত ৯টা পর্যন্ত এই বর্ণাঢ্য উৎসব অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে বরিশাল বিভাগের প্রতিভা নিয়ে নির্মিত ডকুমেন্টারি প্রদর্শন,নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ ও স্মারক প্রদান, নবীন শিক্ষার্থীদের অনুভূতি প্রকাশ, অতিথিদের বক্তব্য উপস্থাপন শেষে সন্ধ্যায় শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। এ সময় গান ও নাচে মেতে ওঠেন শিক্ষার্থীরা। রাতে র?যাফেল ড্র ও পুরস্কার বিতরণের জমা দিয়েই শেষ নবীনবরণ অনুষ্ঠান শেষ হয়। আয়োজকরা জানিয়েছেন, প্রবীণ ও নবীন শিক্ষার্থীদের মাঝে পারস্পরিক পরিচয়, সম্প্রীতি ও মেলবন্ধন সৃদুর্ত করার মাধ্যমে একটি প্রাণবন্ত স্নরণীয় মুহূর্ত তৈরি করাই এই অনুষ্ঠানের প্রধান লক্ষ্য।নতুন স্বপ্ন, নতুন সম্ভাবনা এবং প্রবীণ ও নবীনদের মধ্যকার ভ্রাতৃত্বের বন্ধনকে আরও সুদৃঢ় করার প্রত্যয়ে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করেছে বরিশাল বিভাগের শিক্ষার্থীরা। বৃহত্তর বরিশালের গৌরবময় ইতিহাস, ঐতিহ্য ও সমৃদ্ধ সংস্কৃতিকে ধারণ করে আয়োজিত এই অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে নবীন ছাত্র-ছাত্রীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানানো হয় এবং তাদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ভর্তি হওয়া বরিশাল বিভাগের নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। অনুষ্ঠানে অতিথিরা নবীন শিক্ষার্থীদের মেধা ও মননের বিকাশে সর্বোচ্চ চেষ্টা চালানোর পাশাপাশি দেশ গঠনে এগিয়ে আসার আহ্বান জানান। তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ধরে নেবে যে, দক্ষ ও দায়িত্বশীল নগরিক হিসেবে নিজেদের গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। বক্তারা নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের আকাডেমিক পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে দেশ গঠনে আত্মনিয়োগ করার আহ্বান জানান। নতুন সম্ভাবনা ও নতুন পথচলায় নবীনদের দিকনির্দেশনা প্রদান করেন।

দুমকিতে জনতা কলেজ মাঠ থেকে পরিত্যক্ত গুলি উদ্ধার

দুমকি প্রতিদিনি

পটুয়াখালীর দুমকি সরকারি জনতা কলেজ মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় একটি গুলি (কার্তুজ) উদ্ধার করেছে পুলিশ। রোববার দুপুর ১২টার দিকে দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সসীয়া কোর্স নিয়ে ঘটনাস্থল থেকে এটি উদ্ধার করেন। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, শনিবার বিকেলে সরকারি জনতা কলেজ মাঠে ফুটবল খেলার সময় জিয়াদুল ইসলাম জিদান নামের এক শিক্ষার্থী মাঠের পূর্ব পাশের একটি মেহগনি গাছের গোড়ায় চকচকে বস্তুটি দেখতে পেয়ে পকেট করে বাসায় নিয়ে যায়। পরদিন রোববার টিফিনের সময় এক জোষ্ঠ শিক্ষার্থীকে দেখালে তিনি সেটি তাজা গুলি বলে শনাক্ত করেন। পরবর্তীতে জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে কল দিয়ে পুলিশকে বিষয়টি জানানো হয় এবং নির্দেশনামতে গুলিটি আগের স্থানে ফিরিয়ে রাখা হয়। জিয়াদুল ইসলাম জিদান জানায়, শনিবার খেলার শেষ দিকে ফুটবলটি মেহগনি গাছের দিকে চলে গেলে বল আনতে গিয়ে বস্তুটি দেখতে পায় সে। প্রথমে শোপিস মনে করে বাসায় নিয়ে গেলেও পরে বিষটি জানতে পেরে পুলিশকে খবর দেওয়া হয়। উদ্ধার হওয়া গুলিটি কোন ধরনের অস্ত্রের এবং নীভায়ে তা কলেজ মাঠে এল, সে বিষয়ে তাত্ক্ষণিকভাবে নিশ্চিত করতে পারেনি পুলিশ। দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সেলিম উদ্দিন জানান, ৯৯৯ নম্বরে কল পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মেহগনি অবস্থায় গোড়া থেকে পরিত্যক্ত অবস্থায় গুলিটি উদ্ধার করে থানায় নিয়ে আসে। বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করে দেখা হচ্ছে। এদিকে, একটি ব্যস্ত ও জনসামাগমপূর্ণ শিক্ষাপ্রতিষ্ঠানের মাঠে গুলি পড়ে থাকার ঘটনায় স্থানীয় শিক্ষার্থী ও বাসিন্দাদের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে।

অর্থনৈতিক সহযোগিতা জোরদারে চীন, রাশিয়া ও ভারতের অঙ্গীকার

কীর্তনখোলা ডেস্ক
নয়াদিল্লিতে দুই দিনের ব্রিক্স সম্মেলন শেষ হয়েছে। রোববার (১৩ সেপ্টেম্বর) সম্মেলনের শেষ দিনে চীন, রাশিয়া ও ভারতসহ সদস্য দেশগুলোর নেতারা বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি, বাণিজ্য, ক্লাসানি নিরাপত্তা ও আন্তর্জাতিক সহযোগিতা ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ সোমবার ৯ ১৪ সেপ্টেম্বর ২০২৬ ৯ ০১ আশ্বিন ১৪৩৩

মালয়েশিয়ার ‘মিনি ঢাকা’য় ৩৬৪ বাংলাদেশি আটক

কীর্তনখোলা ডেস্ক
মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের ‘মিনি ঢাকা’ খ্যাত কোতারায় এলাকায় অভিযান চালিয়ে ৩৬৪ বাংলাদেশি সহ ৪৭২ জন অবৈধ অভিবাসীকে আটক করেছে দেশটির ইমিগ্রেশন বিভাগ। আটকদের মধ্যে ৪৩৯ জন পুরুষ ৩ এর পাতায় দেখুন



ঢাবিতে বরিশাল বিভাগীয় শিক্ষার্থীদের ‘নবীনবরণ’ অনুষ্ঠান মিলনমেলায় পরিণত

কীর্তনখোলা রিপোর্ট
ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বরিশাল বিভাগের ছাত্র-ছাত্রীদের মিলনমেলায় পরিণত হয়েছে। শনিবার ১২ সেপ্টেম্বর (২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) অডিটোরিয়ামে আয়োজিত

অনুষ্ঠান সেরেজমিনে ঘুরে এ চিত্র দেখা গেছে। অনুষ্ঠানে উদ্বোধক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ মোরশেদ হাসান খান। এতে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) শিক্ষক অধ্যাপক ড. মোঃ মহিউদ্দিন (এতে স্বাগত বক্তব্য রাখেন মোঃ শাহ সুফি ওয়াছি



ভাঙ্গরিয়ায় ডেঙ্গু প্রতিরোধে তিন মাসব্যাপি পরিচ্ছন্নতা অভিযান শুরু

ভাঙ্গরিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাঙ্গরিয়ায় ডেঙ্গু প্রতিরোধে ‘এডিস মশার প্রজননস্থল ধ্বংস’ জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রবিবার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলার ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়, ৩৮টি মাদ্রাসা, ৮টি কলেজ, কিন্ডার গার্টেনসহ (কোজি স্কুল) সকল শিক্ষা প্রতিষ্ঠান, পৌরসভা, উপজেলা পরিদপ এবং ইউনিয়ন পরিদপসহ সকল সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানে এক যোগে ৩মাস ব্যাপি ৩ এর পাতায় দেখুন

চুরির অভিযোগে যুবকের মাথা ন্যাড়া করে মারধর ভিডিও ভাইরাল

কীর্তনখোলা রিপোর্ট
পটুয়াখালীর বাউফল পৌরশহরে চুরির অভিযোগে ওসমান গনি (২৪) নামে এক যুবককে আটক করে মাথার চুল কেটে ন্যাড়া করার পর মারধরের অভিযোগ উঠেছে। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। শনিবার (১২ সেপ্টেম্বর) পৌর শহরের হাইস্কুল রোড এলাকায় মারজান প্রিন্টিং প্রেসে এ ঘটনা ঘটে। ওসমান গনি উপজেলার দাসপাড়া এলাকার বাসিন্দা। তার বাবার নাম হাসান। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, মারজান প্রিন্টিং প্রেসের কর্মচারী ৩ এর পাতায় দেখুন

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক চে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫৪২২, ০১৭১৮৮৭৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল। ০১৭১৩-৯৫০৯৪১ ০১৭১৩-১৬৯৮২৮

ভোলায় আখের রেকর্ড ফলন দ্বিগুণ দামে হাসছেন কৃষক

ভোলা প্রতিনিধি
মাটি ও আবহাওয়া অনুকূলে থাকায় চলতি মৌসুমে ভোলায় আখের রেকর্ড পরিমাণ ফলন হয়েছে। আশাভীত ফলনের পাশাপাশি বাজারে গত বছরের তুলনায় প্রায় দ্বিগুণ দাম পাওয়ার আশায় ভোলায় আখের জায়গার ভাসছেন

কাউখালীতে কোটি টাকার আমড়া বিক্রি সরবরাহ হচ্ছে দেশ-বিদেশে

মেহেদি হাসান, কাউখালী
কাউখালীতে চলতি মৌসুমে আমড়ার বাণ্যপূর্ণ ফলন ও ভালো দাম পেয়ে মুখে হাসি ফুটেছে স্থানীয় চাষি ও ব্যবসায়ীরা। কাউখালী মৌকামগুলো থেকে এখন প্রতিদিন কোটি টাকার আমড়া চালান হয়ে যাচ্ছে ঢাকা, চাঁদপুর, মুলিগঞ্জ, খুলনা, রাজশাহীসহ দেশের সড়ক ও জনপথের দুই ধারে এবং অধিকাংশ বিভিন্ন প্রান্ত এবং দেশের বাইরেও। উপকূলীয়



এক যুগেও চালু হয়নি পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতাল

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর মানুষের উন্নত চিকিৎসাসেবার জন্য ২০১৪ সালে যাত্রা শুরু করে ৫০০ শয্যার আধুনিক মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণ প্রকল্প। ২০১৬ সালে প্রায় ৫৪৬ কোটি টাকা ব্যয়ে শুরু হয় হাসপাতালটির নির্মাণকাজ। তিন দফা মোয়াদ বাতানোর পর সর্বশেষ সমসীমা ছিল চলতি বছরের জুন পর্যন্ত। সেই সময়ও পেরিয়ে গেছে, এখনো পূর্ণাঙ্গভাবে চালু হয়নি হাসপাতালটি। ফলে দীর্ঘ এক যুগ পরও উন্নত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত পটুয়াখালীসহ আশপাশের জেলার মানুষ। পরোমা ২৫০ শয্যার জেনারেল হাসপাতালেই অতিরিক্ত রোগীর চাপ সামলাতে গিয়ে হিমশিম ৩ এর পাতায় দেখুন



নেছারাবাদে প্রতিবন্ধী কার্ডে ‘দালাল ফি’ ৫ হাজার টাকা!

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে প্রতিবন্ধী কার্ড করতে গিয়ে ভোগান্তির শিকার হচ্ছেন অসহায় মানুষ। তাদের কাছ থেকে সাড়ে চার হাজার থেকে পাঁচ হাজার টাকা পর্যন্ত নেওয়ার অভিযোগ উঠেছে দালালের বিরুদ্ধে। অনলাইন আবেদন, ফরম পূরণ, জমা দেওয়া ও কার্ড হাতে পাওয়া পর্যন্ত ধাপে ধাপে নির্দিষ্ট দালালকে টাকা দিতে হয় বলে অভিযোগ করেছেন একাধিক ভুক্তভোগী। রোববার উপজেলা সমাজসেবা কার্যালয়ে ফরম জমা দিতে ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডট্ট.এইচ.ও (অস্ট্রেলিয়া) অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস্স) শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টা: মেডিনোটা ভায়াপনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা সিরিয়ালের জন্য: ০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৪৬৬ ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

হেষ্টির জমিতে আখের আবাদ হয়েছে। এর উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে প্রায় ২৪ হাজার মেট্রিক টন। ইতোমধ্যে প্রায় ৩৫ শতাংশ জমির আখ কাটা শেষ হয়েছে। স্থানীয় সূত্র জানায়, ৩৫ শতাংশ জমির আখ স্থানীয় চাহিদা ৩ এর পাতায় দেখুন

জেলা পিরোজপুরের কাউখালীতে ৮০-এর দশক থেকেই বাণিজ্যিকভাবে আমড়া চাষ শুরু হয়। ফলটি আতত্ব লাভজনক এবং পুষ্টিগুণে ভরপুর হওয়ায় দিন দিন এর চাষ ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে উপজেলার পতিত জমি, সরকারি খাস জমি লিজ নিয়ে, চাঁদপুর, মুলিগঞ্জ, খুলনা, রাজশাহীসহ দেশের সড়ক ও জনপথের দুই ধারে এবং অধিকাংশ বিভিন্ন প্রান্ত এবং দেশের বাইরেও। উপকূলীয়

এসিল্যান্ডের স্বাক্ষর জালিয়াতির অভিযোগে আটক ১

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়াসীন সাদেকের স্বাক্ষর জাল করে ভুয়া মিউনিসিপালিটির অভিযোগে কেএম খ্রিস (৫০) নামে এক দলিল লেখকের সহকারীকে আটক করেছে পুলিশ। রোববার দুপুরে উপজেলা ভূমি অফিস থেকে তাকে আটক করা হয়। আটক কেএম খ্রিস (৫০) কলাপাড়া পৌর শহরের এতিমখানা এলাকার বাসিন্দা। অভিযোগ সূত্রে জানা যায়, ম্যাকটেন হোল্ডিং লিমিটেড নামে একটি কোম্পানির উপব্যবস্থাপনা পরিচালক শামী আক্তার প্রায় তিন মাস আগে ৫৬ নম্বর জেএল খাজুরা মৌজার সাইটি দলিলের মিউনিসিপালিটির জন্য প্রিন্সের কাছে কাগজপত্র জমা দেন। পরে দুইটি দলিলের মিউনিসিপালিটির কাগজ তাকে দেওয়া হয়। কিন্তু আর কোড যাচাই করে তিনি দেখতে পান, ওই দুইটি মিউনিসিপালিটির তথ্য ভুয়া। পরবর্তীতে শামী আক্তার জাল কাগজ দেওয়ার অভিযোগ করলে পুলিশ প্রিন্সকে আটক করে। অভিযোগকারী শামী আক্তার বলেন, ‘আমাকে দেওয়া মিউনিসিপালিটি ৩ এর পাতায় দেখুন

বিদ্যালয়ে আশুন আতঙ্ক আহত ১৫ শিক্ষার্থী, ছুটি ঘোষণা

বরগুনা প্রতিনিধি
বরগুনার বেতাগী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আশুন আতঙ্ক শটসার্কেট থেকে সূত্র ছড়ানোয় আহত ১৫ শিক্ষার্থী আহত হয়েছে। ঘটনার প্রকৃত কারণ খতিয়ে দেখতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং বিদ্যালয়টি সাময়িকভাবে ছুটি ঘোষণা করা হয়েছে। গুরুতর আহত শিক্ষার্থী নিগার সুরাইয়াকে (৬) উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে। অন্যরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে যায়। রবিবার সকাল সাড়ে ৯টার দিকে বেতাগী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। বিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, বৈদ্যুতিক মিটারে শটসার্কেটের ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আশুন লাগার আতঙ্ক ছড়িয়ে পড়ে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস জানায়, ঘটনার পর শিক্ষার্থী ও অভিভাবকদের নিরাপত্তার কথা বিবেচনা করে বিদ্যালয়টি ছুটি ঘোষণা এবং বিষয়টি খতিয়ে দেখতে সহকারী উপজেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলামকে আধার্যক করে দুপুরে ৩ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।



জিও ব্যাগেরই দেখা নাই বেড়িবাঁধের গল্লের তো খবরই নাই

ডা. মনীষা চক্রবর্তী

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নের ভরতকাঠি ও পশ্চিম বীর নারায়ণ গ্রামে খরাবাদ নদীর ভাঙন রোধে ত্রুত ব্যবস্থা নেওয়ার দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল হয়েছে। নদীতীর সংরক্ষণ, বেড়িবাঁধ ও সড়ক নির্মাণ এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পুনর্বাসনের দাবিতে আয়োজিত কর্মসূচি শেষে জেলা প্রশাসকের কাছে ‘মারকলিপি দেওয়া হয়। রোববার দুপুর সাড়ে ১২টায় ঝালকাঠি জেলা প্রশাসক কার্যালয়ের সামনে দপদপিয়া ইউনিয়ন খরাবাদ নদীভাঙন প্রতিরোধ সংগ্রাম কমিটির উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধনে ওই এলাকার স্কুলশিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার কয়েক শ মানুষ অংশ নেন। পরে একটি বিক্ষোভ ৩ এর পাতায় দেখুন



যৌতুক দাবীতে স্বামী ও শ্বশুরবাড়ির বিরুদ্ধে গভীর সন্তান নষ্টের অভিযোগ

আইগেলঝাড়া প্রতিনিধি
বরিশালের আইগেলঝাড়ায় স্বামী ও শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে বরিশালের আইগেলঝাড়ায় স্বামী ও শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে অভিযোগ করেন দীর্ঘদিন ধরে যৌতুক দাবি, শারীরিক ও মানসিক নির্যাতন এবং গভীর সন্তান নষ্ট করার অভিযোগ করেছেন ভুক্তভোগী স্ত্রী আক্তার নামে এক গৃহবধু। এ ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তিনি। ১৩/৯/২০২৬ ইং সন্ধ্যা ৫ ঘটনায় আইগেলঝাড়ায় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যের পাঠ করে অভিযোগ তুলে থাকেন আইগেলঝাড়া উপজেলার বড় বাশাই গ্রামের মোঃ ইব্রাহীম মল্লার স্ত্রী স্ত্রী আক্তার। লিখিত বক্তব্যে স্ত্রী আক্তার অভিযোগ করেন, প্রায় ৯ বছর আগে রাজিহার এলাকার শাহাদাৎ ফকিরের সঙ্গে তার বিয়ে হয়। বিয়ের পর থেকেই স্বামী তার কাছে দুই থেকে তিন লাখ টাকা যৌতুক দাবি করে আসছিলেন। ৩ এর পাতায় দেখুন

নামাজ শেষে বাড়ি ফিরছিলেন ইজিবাইকের ধাক্কায় মৃত্যু

পৌরনদী প্রতিনিধি
বরিশালের পৌরনদীতে ফজরের নামাজ শেষে মসজিদ থেকে বাড়ি ফেরার পথে ইজিবাইকের ধাক্কা মো. ফারুক সরদার (৫৫) নামের এক মুসল্লি নিহত হয়েছেন। এ ঘটনায় রক্তম মীর (৬৫) নামের আরও এক মুসল্লি গুরুতর আহত হয়েছেন। তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। রোববার (১৩ সেপ্টেম্বর) ভোর ছয়টার দিকে বরিশাল-ঢাকা মহাসড়কের পৌরনদী উপজেলার দক্ষিণ বিজয়পুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত ফারুক সরদার দক্ষিণ বিজয়পুর গ্রামের আব্দুল হামিদ সরদারের ছেলে। স্থানীয় বাসিন্দা ও নিহতের স্বজনদের জানান, দক্ষিণ বিজয়পুর এলাকার একটি মসজিদে ফজরের নামাজ পড়েন ফারুক সরদার ও রক্তম মীর। নামাজ শেষে তারা দুজন মহাসড়ক দিয়ে হেঁটে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আইগেলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com